**অতি জরুরী**
ই-মেইল যোগে

**(একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত হবে)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
ভিজিডি অনুবিভাগ
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং ৫১.০১.০০০০.০০০.০১৮.২০.০০৩২.২৫-১৮৬

তারিখ: ০৯ ফাল্গুন ১৪৩২ / ২২ ফেব্রুয়ারি ২০২৬

প্রেরকঃ কাজী মো: লিয়াকত হোসেন
উপপরিচালক (ভিজিডি-২)

প্রাপকঃ জেলা প্রশাসক
--------------------------------------(সকল)

**বিষয়ঃ ২০২৫-২৬ অর্থ বছরে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২৬ উপলক্ষ্যে উপজেলা ও পৌরসভাওয়ারী ভিজিএফ খাদ্যশস্য সহায়তা প্রদান।**

সূত্র : (১) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং- ৫১.০০.০০০০.৪২১.১৪.০৪৭.২১.৩১, তারিখ: ১৭/০২/২০২৬ খ্রি:
(২) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং ৫১.০০.০০০০.৪২১.১৪.০৪৭.২১.৪২, তারিখ: ০২/০৩/২০২৬খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গত ২৬ ফেব্রুয়ারি ২০২৬/১৩ ফাল্গুন ১৪৩২ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকের কার্যবিবরণীর উদ্ধৃতাংশ নিম্নরূপ:

**"বিবিধ বিষয়: Vulnerable Group Feeding (VGF) বরাদ্দ ও বাছাই কমিটি।**

**সিদ্ধান্ত:**

৮.১। ২০২৬ সালে ঈদ-উল-ফিতর ও ঈদ-উল-আযহায় ভিজিএফ বরাদ্দ সংখ্যা ২০২৫ সালের অনুরূপ হইবে।

৮.২। নিরপেক্ষতা ও স্বচ্ছতার সহিত Vulnerable Group Feeding (VGF)-এর প্রকৃত উপকারভোগী যাচাই-বাছাই করিবার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান / প্যানেল চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট এলাকার দুই জন গণ্যমান্য ব্যক্তির (১ জন পুরুষ ও ১ জন নারী) সমন্বয়ে গঠিত বাছাই কমিটি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।''

০২। এমতাবস্থায়, মন্ত্রিসভা বৈঠকের কার্যবিবরণীর ৮.১ সিদ্ধান্তের প্রেক্ষিতে ২০২৫-২৬ অর্থ বছরের আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২৬ উপলক্ষ্যে ভিজিএফ কর্মসূচির আওতায় সারাদেশের ৬৪টি জেলার ৪৯৫টি উপজেলার জন্য এবং ৩৩২টি পৌরসভার জন্য ১,০১,০০,০০০ (এক কোটি এক লক্ষ)টি ভিজিএফ কার্ডের বিপরীতে কার্ডপ্রতি ১০ (দশ) কেজি হারে সর্বমোট = ১,০১,০০০ (এক লক্ষ এক হাজার) মেঃটন ভিজিএফ চাল নিম্নোক্ত শর্তে বিভাজন অনুযায়ী (সংযুক্ত) নির্দেশক্রমে বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত ভিজিএফ চাল নিম্নোক্ত শর্তাবলি অনুসরণ করে বিতরণ করতে হবে এবং **আগামী ১২ মার্চ ২০২৬খ্রি.** তারিখের মধ্যে উত্তোলনসহ বিতরণ নিশ্চিত করতে হবে। ভিজিএফ কর্মসূচির খাদ্যশস্য বিতরণকালে বাস্তবায়নকারী সংস্থা হিসেবে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর নাম সম্বলিত ব্যানার প্রদর্শন করতে হবে।

শর্তাবলী:

(১) উক্ত ভিজিএফ বরাদ্দের বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ স্থানীয় মাননীয় সংসদ সদস্যগণকে অবহিত করবেন।

(২) ২০২৬ সালে ঈদ-উল-ফিতর ও ঈদ-উল-আযহায় ভিজিএফ বরাদ্দ সংখ্যা ২০২৫ সালের অনুরূপ হইবে।

(৩) নিরপেক্ষতা ও স্বচ্ছতার সহিত Vulnerable Group Feeding (VGF)-এর প্রকৃত উপকারভোগী যাচাই-বাছাই করিবার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান / প্যানেল চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট এলাকার দুই জন গণ্যমান্য ব্যক্তির (১ জন পুরুষ ও ১ জন নারী) সমন্বয়ে গঠিত বাছাই কমিটি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।

(৪) ভিজিএফ উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী অনুসরণীয়:

(ক) দু:স্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দু:স্থ/অতিদরিদ্র পরিবারকে অগ্রাধিকার দিতে হবে।

(খ) মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ এর ধারা-৬ অনুযায়ী নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার, দুঃস্থ/অতিদরিদ্র বলে গণ্য হবে।

১. যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ী ছাড়া কোন জমি নেই;
২. যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল;
৩. যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল;

CamScanner

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ)
ঝিকরগাছা, যশোর।

স্মারক নং: ০৫.৪৪.৪১২৩.০০০.১৯.০২৩.২৫-১২৯৩

তারিখ : ১৮ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৩ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৬ উদযাপন উপলক্ষে ভিজিএফ কর্মসূচির আওতায় উপকারভোগীদের তালিকা প্রণয়ন ও প্রকৃত উপকারভোগী যাচাই-বাছাই এর লক্ষ্যে সংশ্লিষ্ট এলাকার গণ্যমান্য ব্যক্তির তালিকা দাখিল সংক্রান্ত।

সূত্র : ক) জেলা প্রশাসকের কার্যালয়, যশোর এর ২৩.০২.২০২৬ খ্রি: তারিখের ১১৫ নম্বর স্মারক;
খ) মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা'র ০১.০৩.২০২৬ খ্রি. তারিখের ৫৭
গ) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর স্মারক নং ১৮৬ তারিখ: ২২.০২.২০২৬ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৬ উদযাপন উপলক্ষে ভিজিএফ কর্মসূচির আওতায় ঝিকরগাছা উপজেলায় ১৫,২২৯টি কার্ডের অনুকূলে জনপ্রতি ১০(দশ) কেজি চাল বাবদ মোট ১৫২.২৯০ মে. টন চাল বরাদ্দ প্রদান করা হয়েছে। বর্ণিত ১৫,২২৯টি কার্ড ইউনিয়নে দারিদ্রতার ভিত্তিতে পুন:বরাদ্দ করা উপরোক্ত ০২নম্বর স্মারকের নির্দেশনা অনুযায়ী বর্ণিত উপকারভোগী নির্বাচন এবং ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রস্তুতকৃত উপকারভোগীর তালিকা যাচাই-বাছাইকরণের নিমিত্ত প্রতিটি ইউনিয়ন থেকে ০২(দুই) জন পুরুষ ও ০২(দুই) জন নারী গণ্যমান্য ব্যক্তির নামের তালিকা (নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও রাজনৈতিক পরিচয়) আগামী ০৫.০৩.২০২৬ খ্রি. তারিখের মধ্যে বিনাব্যর্থতায় অত্র কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। ভিজিএফ বিতরণে উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ বিবেচনা করতে হবে।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | কার্ডের পরিমান | খাদ্যশস্যের পরিমান মেঃ টন (চাল) | সংশ্লিষ্ট ইউনিয়নের ট্যাগ অফিসার |
|---|---|---|---|---|
| ০১ | গংগানন্দপুর | ১৩৭৪টি | ১৩.৭৪০ মেঃ টন | উপ-সহকারী কৃষি কর্মকর্তা, সংশ্লিষ্ট ইউপি, ঝিকরগাছা, যশোর |
| ০২ | মাগুরা | ১৫০০টি | ১৫.০০০ মেঃ টন | সহকারী সমাজসেবা কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর |
| ০৩ | শিমুলীয়া | ১১৫৫টি | ১১.৫৫০ মেঃ টন | উপজেলা সমবায় কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর |
| ০৪ | গদখালী | ১৫৫২টি | ১৫.৫২০ মেঃ টন | উপ-সহকারী কৃষি কর্মকর্তা, সংশ্লিষ্ট ইউপি, ঝিকরগাছা, যশোর |
| ০৫ | পানিসারা | ১২৩৮টি | ১২.৩৮০ মেঃ টন | ইউনিয়ন সমাজকর্মী , পানিসার ইউনিয়ন, ঝিকরগাছা |
| ০৬ | ঝিকরগাছা | ১৫৯৪টি | ১৫.৯৪০ মেঃ টন | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর |
| ০৭ | নাভারণ | ১৭১৩টি | ১৭.১৩০ মেঃ টন | সহ: উপজেলা মাধ্য: শিক্ষা কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর |
| ০৮ | নির্বাসখোলা | ১২৫০টি | ১২.৫০০ মেঃ টন | সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা, ঝিকরগাছা,যশোর |
| ০৯ | হাজিরবাগ | ১১৮৬টি | ১১.৮৬০ মেঃ টন | সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর |
| ১০ | শংকরপুর | ১৩৮৩টি | ১৩.৮৩০ মেঃ টন | উপ-সহকারী কৃষি কর্মকর্তা, সংশ্লিষ্ট ইউপি, ঝিকরগাছা, যশোর |
| ১১ | বাঁকড়া | ১২৮৪টি | ১২.৮৪০ মেঃ টন | উপ-সহকারী কৃষি কর্মকর্তা, সংশ্লিষ্ট ইউপি, ঝিকরগাছা, যশোর |
| সর্বমোট= | | ১৫,২২৯টি | ১৫২.২৯০ মেঃ টন | |

- উপকারভোগীদের তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি বরাদ্দ না পায়।
- যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ী ছাড়া কোন জমি নেই।
- যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল।
- যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল।
- যে পরিবারের উপার্জনক্ষম পূর্ণবয়স্ক কোন পুরুষ সদস্য নেই।
- যে পরিবারের স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়।
- যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা,বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা।
- যে পরিবারের প্রধান অসচ্ছল মুক্তিযোদ্ধা।
- যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি।
- যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/অর্থসংকটে পড়েছে।
- যে পরিবারের প্রধান অসচ্ছল ও অক্ষম প্রতিবন্ধী।
- যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু-বেলা খাবার পায় না।
- উপকারভোগীর নামের তালিকা ট্যাগ অফিসার কর্তৃক স্বাক্ষরিত হতে হবে। বরাদ্দকৃত ভিজিএফ চাউল ট্যাগ অফিসারের উপস্থিতিতে বিতরণ নিশ্চিত করতে হবে।

সংযুক্ত: বর্ণনামতে- ফর্দ।

০৩/০৩/২৬
মোছা: রনী খাতুন
উপজেলা নির্বাহী অফিসার
ঝিকরগাছা, যশোর
০৩/০৩/২৬

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো:

১. জেলা প্রশাসক, যশোর।
২. প্রশাসক,উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।
৩. অফিসার ইনচার্জ, ঝিকরগাছা থানা, যশোর ( খাদ্যশস্য বিতরনে বিশৃংখলা এড়াতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ)।
৪. ট্যাগ অফিসার ........................................ ইউপি (সকল) ঝিকরগাছা, যশোর।
৫. জনাব ........................................ অফিসার, ঝিকরগাছা, যশোর।
৬. ইউপি প্রশাসনিক কর্মকর্তা, .................... ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর (ইউনিয়ন পরিষদ কর্তৃক উপকারভোগীর তালিকা প্রস্তুতকালে নির্দেশনানুযায়ী শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে)।
৭. অফিস কপি।

CamScanner